ইসরাইলের জন্য অস্ত্রবাহী সৌদি জাহাজ ইতালিতে আটকালো বন্দরকর্মীরা

সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র থেকে ইসরাইলের জন্য অস্ত্র বোঝাই করা সৌদি জাহাজ বাহরি ইয়ানবু ইতালির জেনোয়া বন্দরে আটকে দিয়েছেন বন্দরকর্মীরা। তারা জাহাজে গোলাবারুদ থাকার প্রমাণ পান এবং একে 'অস্ত্র চোরাচালান' হিসেবে আখ্যা দেন। গাজায় চলমান হত্যাযজ্ঞের প্রতিবাদে ইউরোপের বিভিন্ন বন্দরে ইসরাইলমুখী অস্ত্র সরবরাহ ঠেকানোর প্রচেষ্টা জোরদার হচ্ছে।

গত শুক্রবার (৮ আগস্ট) বাহরি ইয়ানবু নামে সৌদি আরবের একটি জাহাজ ইতালির জেনোয়া বন্দরে পৌঁছায়। প্রাথমিক পরিকল্পনা ছিল এখান থেকে অস্ত্র বোঝাই করে তা আবুধাবিতে পাঠানো। কিন্তু স্থানীয় বন্দরকর্মীরা খোঁজ নিয়ে জানতে পারেন, জাহাজটিতে ইতোমধ্যেই যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড থেকে আনা অস্ত্র ও গোলাবারুদ রয়েছে, যার চূড়ান্ত গন্তব্য ইসরাইল।

প্রায় ৪০ জন বন্দরকর্মী জাহাজে উঠে অস্ত্রের উপস্থিতি নিশ্চিত করেন। জেনোয়ার 'অটোনোমাস কালেক্টিভ অব পোর্ট ওয়ার্কার্স অ্যান্ড ইউনিয়ন'-এর সদস্য জোসে নিভোই বলেন, "আমরা যুদ্ধের জন্য কাজ করি না।" তিনি জানান, বন্দর কর্তৃপক্ষ এ ধরনের ঘটনা ঠেকাতে স্থায়ী পর্যবেক্ষক দল গঠনের সিদ্ধান্ত নিয়েছে।

এ ঘটনা নতুন নয়—২০১৯ সালেও জেনোয়া বন্দরের কর্মীরা একইভাবে একটি অস্ত্রবাহী জাহাজ আটকে দিয়েছিলেন। গাজায় ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে ইসরাইলি আগ্রাসন শুরু হওয়ার পর ইউরোপের বিভিন্ন দেশের বন্দরকর্মীরা ইসরাইলমুখী অস্ত্র সরবরাহে বাধা দিচ্ছেন।

সম্প্রতি, ৪ জুন ফ্রান্সের ফোস-মার্সেই বন্দরের কর্মীরাও ইসরাইলের জন্য অস্ত্র উপকরণ জাহাজে তুলতে অস্বীকৃতি জানালে জাহাজটি খালি অবস্থায় ফিরে যেতে বাধ্য হয়।